গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনী

সভাপতি ঃ জনাব মোজাম্মেল হোসেন রোকন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
সভার মাস ঃ জুলাই ২০২৩ইং
সভার তারিখ ঃ ১২/০৭/২০২৩খ্রিঃ।
সময় ঃ বেলা- ১২,০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ গণমিলনায়তন।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলা পরিষদ পক্ষ থেকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সকলেই সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশাকে অনুরোধ জানান। তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ সভায় পাঠ করে জানান। কোন সংযোজন, বিয়োজন ও সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পর্যায়ে বিভাগীয় কর্মকর্তা সহ সকল সদস্যগন শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং তাদের দপ্তরের বিভিন্ন বিষয় ও দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কথা তুলে ধরেন।

| ক্রঃ নং | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, উপজেলা ৫০ শয্যা হাসাপাতালের সেবা কার্যক্রম সুষ্ঠ ও সঠিকভাবে পরিচালনা হচ্ছে। তিনি নতুন ভবনটিতে ০১টি আইপিএস এর বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। | জনসাধারনকে শতভাগ সরকারি সেবা প্রদানের লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ২ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলমান খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা নিধারন করা হয়েছে। অদ্য ২৫ হেক্টর জমিতে বীজতলা রোপন সম্পন্ন হয়েছে এবং বন্যা পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরো জানান যে, বৃষ্টি পরিস্থিতি স্বাভাবিক হলে বীজতলা তেরী সম্পন্ন হবে। উপজেলায় পর্যাপ্ত পরিমানে সার মজুদ আছে বলে সভায় অবগত করেন। | বিস্থারিত আলোচনান্তে বিভাগীয় সকল সুযোগ সুবিধা প্রদান অব্যাহত রাখার এবং মাঠ পর্যায়ে কর্মরত জনবল দিয়ে সঠিক পরামর্শ দেওয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি আরো জানান যে, মাঠ পর্যায়ে জনবল কম থাকায় সেবা কার্যক্রম কাজে ব্যহত হচ্ছে। তিনি মাঠ পর্যায়ে গাবাদি পশু ও হাঁস মুরগীর চিকিৎসা প্রদান কার্যক্রম টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং গাভীর কৃত্রিম প্রজনন সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে। ধান চাষ সম্প্রসারনের করার লক্ষ্যে পরামর্শ দেওয়া হচ্ছে। গবাদিপশু ও হাঁস মুরগী পালনের জন্য জনগণদের উৎসাহিত করার সুপরামর্শ দেওয়া হচ্ছে। তিনি আরো জানান বিনামূল্যে ঔষদ প্রদান এবং দপ্তরের সম্মুখে ০১টি টিউবয়েল বরাদ্দ পাওয়ার জন্য প্রস্তাব করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। | জনসাধারনকে শতভাগ সরকারি সেবা প্রদানের লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উ্পজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪ | **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সবসম্মত সিদ্ধান্ত গৃহিত | উপজেলা মৎস্য কর্মকর্তা |

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>হয়।</td><td></td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি আরো জানান যে, ২০.০৬.২০২৩ খ্রি. প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ বাবদ- ২০ (বিশ লক্ষ) টাকা, ধর্মপাশা উপজেলার টুকের বাজার ও গাছতলা বাজারে ভেজিটেবল / ফিস সেড নির্মান বাবদ- ১০(দশ লক্ষ) টাকা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক-এ মেডিক্যাল সরঞ্জাম সরবরাহ বাবদ-১০(দশ লক্ষ) টাকা জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন । তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল খাতের জরুরী ভিত্তিতে কিছু সংখ্যক প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>নওধার গ্রামের জেলা সংযোগ রাস্তা হইতে ফারুক মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা ও টয়লেট নির্মাণ</td><td>১,০০,০০০/-</td><td></td></tr>
<tr><td>২</td><td>উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সমগ্রী বিতরন করন</td><td>২,০০,০০০/-</td><td></td></tr>
<tr><td>৩</td><td>উপজেলার বিভিন্ন জলাশয়ের মাছের পোনা অবমুক্তকরন</td><td>২,০০,০০০/-</td><td></td></tr>
<tr><td>৪</td><td>ধর্মপাশা উপজেলার সদর ইউপির দুধবহর তালিমূল কোরআন মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মান</td><td>২,০০,০০০/-</td><td></td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা নিবর্হী অফিসারের বাসভবনে গার্ডরুম নির্মান</td><td>২,০০,০০০/-</td><td></td></tr>
<tr><td>৬</td><td>উপজেলা নিবর্হী অফিসারের বাসভবন সংস্কার ও রংকরন।</td><td>২,০০,০০০/-</td><td></td></tr>
</table></td><td>প্রকল্পগুলো সুষ্ঠভাবে কাজ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলো সর্বসম্মতভাবে অনুমোদন ও সিদ্ধান্ত গৃহিত হয়।<br>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে গার্ডরুম নির্মাণ ২,০০,০০০/-</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>৬</td><td>উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগের কার্যক্রম সঠিক ও সুষ্ঠভাবে কার্যক্রম পরিচালনা হচ্ছে তা সভায় অবগত করে। তিনি আরো জানান যে, শিক্ষকদের জন্য হাওড় ভাতা পাওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সভায় অবগত করা হয়।</td><td>ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>৭</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে তা সভায় অবগত করে। ০৫টি বিদ্যালয় প্রতিষ্ঠান এপিও ভুক্ত করা হয়েছে। বিদ্যালয়গুলো ব্রেঞ্চ সংকট বিধায় অর্থ বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন।</td><td>ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ।</td></tr>
<tr><td>৮</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক।<br>জয়শ্রী ইউপি সভায় জনান যে, অতি দরিদ্রদের ৪০ দিনের কর্মসূচী দ্রুত বাস্তাবায়নের জন্য প্রয়োজনীয় প্রদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়।</td><td>ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৯</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক।</td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>১০</td><td><u>পানি উন্নয়ণ বোর্ডঃ</u> অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি।</td><td>বিস্তারিত আলোচনাক্রমে সভাপতি জানান যে, ফসল রক্ষা বাধগুলো সুষ্ঠভাবে বাস্তবায়ন হয় এ বিষয়ে সু দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপসহকারী প্রকৌশলী(পানি উন্নয়ন বোর্ড)</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে বলে সভায় অবহিত করে। মা ও শিশু</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সহায়তা কর্মসূচির বরাদ্দ পাওয়া গিয়াছে ডাটা এন্টির কাজ শেষ এবং প্রতি মাসের এন্টির কাজ চলমান থাকবে বলে সভায় অবগত করেন। | লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ণ বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় অবহিত করেন। তিনি আরো জানান যে, তার দপ্তরের সম্মুখে ০১টি টিওবয়েল জন্য সভায় প্রস্তাব করা হয়। | বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ণ বিভাগঃ** উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জানান, জুন/২০২৩ মাসে ১০ জনকে ৩২০০০০/-টাকা যুব ঋণ হিসাবে বিতরন কর হয়। যুব উন্নয়ন অদিদপ্তর, সুনামগঞ্জ এ যানবাহন চালনা বিষয়ক ০১মাস মেয়াদী প্রশিক্ষন এবং তিন মাস মেয়াদী গবাদী পুশু, হাস মুরগি পালন প্রাথমিক চিকিৎসা মৎস্য ও কৃষি বিষয়ক প্রশিক্ষন ১৬/০৭/২০২ থেকে শরু হবে বলে সভায় অবগত করা হয়। | সরকারি বিধি মোতাবেক সার্বিক পরিচালনার করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা খাদ্য অদিদপ্তরঃ** উপজেলা খ্যদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। চলতি অর্থ বছরে রোরো ধান ২০২৩এর লক্ষ মাত্রা ২৩৮৭ মেঃ টন প্রাপ্ত হয়েছে। ধর্মপাশা খাদ্য গুদামে ৯,০০০ মেঃটন এবং মধ্যনগর খাদ্য গুদামে ৬,০০০ মেঃ টন ধান ক্রয় করা হয়েছে বলে সভায় অবগত করেন। ধর্মপাশা খাদ্য গুদামে ১০৯,০০০মেঃ টন চাল এবং মধ্যনগর গুদামে ৫২৬ মেঃটন চাল মজুদ আছে বলে সভায় অবগত করেন। | বিস্থারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। জনস্বাস্থ্যমূলক পাবলিক টয়লেট ক্লিনিক মেইনটেন্স কাজ চলমান। মানব সম্পদ প্রকল্পের আওতায় পাইকুরাটি ইউনিয়নে রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই এর জায়গা নির্ধারিত হয়েছে অতিশ্রীঘই কার্যক্রম শরু হবে বলে সভায় অবগত করেন। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা জনান দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সঠিকভাবে পরিচালনা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১৮টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০৮জন শিক্ষার্থীর মাঝে জনশুমারি ও গৃহগননা প্রকল্পের ব্যবহৃত ট্যাবলেট পিসি তাদের মেধাক্রম অনুসারে বিতরন করা হয়েছে। তিনি আরো জানান বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা কে জনশুমারি ও গৃহগননা কাজ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শ অনুযায়ী রির্পোট প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৯ | **উপজেলা নির্বাচন বিভাগঃ** অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২১ | **উপজেলা রিসোর্স সেন্টারঃ** উপজেলা রিসোর্স কর্মকর্তা দপ্তরের কার্যক্রম | বিভাগীয় কার্যক্রম | উপজেলা রিসোর্স |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শিক্ষাক্রম (প্রাথমিক শিক্ষা) অনলাইন প্লাটফরমে মুক্তপাঠের মাধ্যমে ধর্মপাশা উপজেলার শিক্ষকগণ অংশগ্রহণ করেছেন। এ পর্যন্ত ৭০% শিক্ষক স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে সম্পন্ন করেছেন। নিয়মিত মুক্তপাঠের প্রশিক্ষন মনিটরিংকরা হচ্ছে। সকল শিক্ষকদের প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য নির্দেশনা ও সহায়তা প্রদান করা হচ্ছে। গনিত অলিম্পিয়াড কৌশল প্রয়োগ করে গনিত শিখি প্রশিক্ষণ ০৭ ব্যচে ২১০ জন শিক্ষক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ইংরেজী প্রশিক্ষণ বিষয়ে পাঠদান করা শিক্ষদের জন্য লক্ষ্যমাত্রা ছিল ১২০জন নবনিযুক্ত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রাথমিক শিক্ষা কার্যক্রম অবহিত করন সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৭৫ জন বাংলা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া, নিয়মিত পরিরদর্শন ও শিক্ষকদের মান উন্নয়নের সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে বলে সভায় অবগত করেন। | সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | কর্মকর্তা |
| ২২ | **উপজেলা পরিচালন/ ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর (UDF) জানান, জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প কার্যালয়ের ০৮.০৬.২০২৩ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২২-৯৫১৩ নং স্মারকে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর ২০২১-২২ অর্থ বছরের জন্য অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাবনা চেয়ে চিঠি ইস্যুকরা হয়। যাতে উল্লেখ করা হয় স্বাস্থ্যসেবা, শিক্ষা, পানি সরবরাহ, সোলার প্যানেল ও কৃষি সম্পর্কিত উপ-প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণকরে যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে ৩১.০৮.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণেরজন্য অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনাক্রমে দ্রুত উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর |
| ২৩ | **উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প(পজীপ)ঃ** উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সন্তোষজনক। তাছাড়া ২য় পর্যায়ের বিতরনকৃত প্রায় ০১ কোটি টাকা মাঠে খেলাপী হয়ে আছে। উক্ত খেলাপী টাকা আদায়ের জন্য পুনরায় সিআর মামলা স্থানীয় কোর্টে রজু করা বিশেষ প্রয়োজন। তিনি আরো জানান যে, স্থানীয় পুলিশ প্রশাসনের সহযোগিতা পেলে এই বিশাল অংকের ঋন আদায় করা সম্ভব । | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা |
| ২৪ | **তথ্য আপাঃ** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠ সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করে এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্য সেবা কর্মকর্তা |
| ২৫ | **আমার বাড়ী আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)ঃ** পল্লী সঞ্চয় ব্যংকের জন্য ১০,০০,০০০/-টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল এই টাকার কাজ শেষ বর্তমানে কিছু কাজ বাকী আছে উপজেলা পরিষদ তহবিল হতে অর্থ বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করা হয়। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | আমার বাড়ী আমার খামার কর্মকর্তা |
| ২৪ | উপজেলা পরিষদঃ জয়শ্রী ইউপি সভায় জানান যে, বন্যার সময় উচু জায়গা তৈরী করে পরিবার পরিজন, প্রানী সম্পদ, খাদ্যশষ্য, গো-খাদ্য অন্যান্য সমাগ্রী নিরাপদে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সুপরিশ করা হয়। তিনি আরো জনান যে, ইউনিয়ন পরিষদ ভবন এবং চত্বর সংরক্ষার করার জন্য সভায় প্রস্তাব করা হয়। তিনি, ধর্মপাশা বঙ্গবন্ধু চত্বেরের রাস্তা সংস্কার করে যানযটমুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জোর সুপারিশ করেন। | | |
| ২৬ | **বিবিধঃ** উপজেলা পরিষদের জরুরী ব্যয় বিবরনী বাবদঃ আনসারদের জন্য ১০টি চেকি ক্রয় বাবদ-১৫,০০০/- আনসারদের জন্য জুলাই/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ১২ টি গ্যাস সিলিন্ডার বাবদ-১৪,৪০০/-টাকা, উপজেলা পরিষদের গ্রাম পুলিশের পোশাক ও অন্যান্য মালমাল জেলা প্রশাসকের কার্যালয় হতে ধর্মপাশা উপজেলা পর্যন্ত নৌকা ভাড়া | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ পরিশোধের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত | উপজেলা পরিষদ ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বাবদ-৭০০০/-টাকা। উপজেলা এ ব্যয় সমূহ পরিশোধের জন্য অনুমোদনের সভায় অবগত করা হয়। | গৃহিত হয়। | |

উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ লক্ষ্যে ধর্মপাশা মডেল উপজেলা পরিষদ বাস্তবায়িত করার লক্ষ্যে সততা ও নিষ্ঠার সহিত স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য উপস্থিত সকল ইউপি জনপ্রতিনিধিগণ ও সকল কর্মকর্তাবৃন্দ/কর্মচারীদের অনুরোধ জানান।

অদ্যকার সভায় অন্যকোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোজাম্মেল হোসেন রোকন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নংঃ ৪৬.৬০.৯০৩২.০০১.০১.০১৫.২০২২-

তারিখঃ ১২জুলাই, ২০২৩খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪-সুনামগঞ্জ-১ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৬। উপজেলা ভাইস চেয়ারম্যান, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৮-৩৫। উপজেলা-----------------------------------------------অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৬। অফিসার ইন চার্জ, ধর্মপাশা থানা. ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৮-৪৩। চেয়ারম্যান,ধর্মপাশা/সেলবরষ/পাইকুরাটি/জয়শ্রী/সুখাইড় রাজাপুর(দঃ)/সুখাইড় রাজাপুর(উঃ)/
৪৪-৪৫। জনাবা----------------------- মহিলা সদস্যা---------------------ইউ/পি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৪৬-৪৭। অফিস কপি/ মাষ্টার কপি।

(শীতেষ চন্দ্র সরকার)
উপজেলা নিবাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।

CamScanner